কোটচাঁদপুরে ৫ পরিবারের মাঝে আর্থিক সহায়তা প্রদান করলো বিএনপি

বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারপারসন দেশ নায়ক তারেক রহমানের নির্দেশে ঝিনাইদহের কোটচাঁদপুরে গত ১৯ শে মার্চ পৌর শহরে ২ নম্বর ওয়ার্ডে চুলার আগুনে পুড়ে ছাই হয়ে যাওয়া ৫ পরিবারের মাঝে আর্থিক সহায়তা প্রদান করেছে বিএনপি নেতৃবৃন্দ।

আজ শনিবার দুপুরে ক্ষতিগ্রস্ত পরিবারের মাঝে এই আর্থিক সহায়তা প্রদান করা হয়। নগদ অর্থ প্রদান করেন বিএনপি’র জাতীয় নির্বাহী কমিটির তথ্য ও গবেষণা বিষয়ক সহ-সম্পাদক আমিরুজ্জামান খান শিমুল।

সে সময় উপস্হিত ছিল, উপজেলা বিএনপি’র সভাপতি আব্দুর রাজ্জাক, পৌর বিএনপির সভাপতি এস.কে.এম সালাহ উদ্দীন বুলবুল সিডল, পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক আবুল কাশেম, ঢাকা কলেজ ছাত্রদলের সাবেক ছাত্রনেতা জুলফিকার আলী রাজা, উপজেলা বিএনপি’র দপ্তর সম্পাদক শহিদুল ভুাইয়া, পৌর বিএনপি’র সাংগঠনিক সম্পাদক মির্জা টিপু,

উপজেলা যুবদলের আহ্বায়ক আশারাফুজ্জামান খান মুকুল, সদস্য সচিব মাহফুজ আলম মামুন, উপজেলা সেচ্ছাসেবক দলের আহ্বায়ক কামরুজ্জামান সিদ্দিক, পৌর যুবদলের আহ্বায়ক ফয়েজ আহমেদ তুফান, উপজেলা যুবদলের যুগ্ন আহ্বায়ক শরিফুল ইসলাম শান্ত, পৌর ছাত্র দলের সদস্য সচিব ফজলে রাব্বি প্রমূখ।

এসময় বিএনপি সহ সকল অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুরে অজ্ঞাত ব্যক্তির

লাশ উদ্ধার

ঝিনাইদহের কোটচাঁদপুরে রেল লাইনের পাশ থেকে অজ্ঞাত এক ব্যক্তির লাশ উদ্ধার করেছে পুলিশ।

বৃহস্পতিবার (৬ মার্চ) দুপুরে উপজেলার চাঁদপাড়া রেলগেট এলাকা থেকে চল্লিশোর্ধ ওই ব্যক্তির লাশ উদ্ধার করা হয়।

স্থানীয়র জানায়, চাঁদপাড়া রেলগেট থেকে ২’শ দুরে মাঠের মধ্যে রেললাইনের পাশে অজ্ঞাত এক ব্যক্তির লাশ পড়ে থাকতে দেখে পুলিশে খবর দেয় এলাকাবাসী। পরে পুলিশ এসে তার লাশ উদ্ধার করে। নিহতের মাথায় আঘাতের চিহ্ন রয়েছে। ময়নাতদন্তের পর মৃত্যুর সঠিক কারণ জানা যাবে বলে জানিয়েছে পুলিশ।

কোটচাঁদপুর থানার ওসি কবির হোসেন মাতব্বর বলেন, “লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মর্গে পাঠানো হয়েছে। প্রাথমিকভাবে মাথায় আঘাতের চিহ্ন দেখা গেছে। রিপোর্ট হাতে পেলেই মৃত্যুর প্রকৃত কারণ নিশ্চিত হওয়া যাবে।” এ ঘটনায় এখনো নিহতের পরিচয় জানা যায়নি। পুলিশ তদন্ত চালিয়ে যাচ্ছে।

কোটচাঁদপুরে পিকআপ ভ্যানের ধাক্কায় স্কুল শিক্ষক নিহত

কোটচাঁদপুর-কালিগঞ্জ সড়কের তালেশ্বর এলাকায় পিকআপ ভ্যানের ধাক্কায় দাউদ হোসেন (৬২) নামে এক অবসরপ্রাপ্ত স্কুল শিক্ষক নিহত হয়েছেন।

বৃহস্পতিবার (২৭ ফেব্রুয়ারি) বিকেল ৩টার দিকে এই দুর্ঘটনা ঘটে।

নিহত দাউদ হোসেন ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার রাঙ্গিয়ার পোতা গ্রামের বাসিন্দা এবং এলাঙ্গী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক ছিলেন।

স্থানীয়রা জানান, দুপুর ৩টার দিকে দাউদ হোসেন মোটরসাইকেলে করে কালিগঞ্জ থেকে নিজ বাড়ির পথে রওনা দেন। তালেশ্বর এলাকায় পৌঁছালে একটি পিকআপ ভ্যান তাকে ধাক্কা দেয়। স্থানীয়রা দ্রুত তাকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

কোটচাঁদপুর থানার ডিউটিরত উপপরিদর্শক (এসআই) হারুন জানান, ঘটনাটি কালিগঞ্জ থানার অন্তর্ভুক্ত হলেও মরদেহ কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে থাকায় সুরতহাল প্রতিবেদন কোটচাঁদপুর থানা পুলিশ করবে। খবর পেয়ে থানার এসআই তবিবর রহমান ঘটনাস্থলে গেছেন।

দাউদ হোসেনের মৃত্যুতে পরিবার, শিক্ষার্থী ও স্থানীয়দের মাঝে শোকের ছায়া নেমে এসেছে। তিনি স্ত্রী, দুই মেয়ে ও এক ছেলে রেখে গেছেন।

কোটচাঁদপুর পৌর মহিলা কলেজে জানালার গ্রিল কেটে চুরি

এক দিনের ব্যবধানে কোটচাঁদপুরে আবারও একটি কলেজে জানালার গ্রিল কেটে ভেতরে ঢুকে তছনছ করেছে চোরেরা। এ ছাড়া দিনের বেলায় দুর্ধর্ষ চুরিও হয়েছে একটি বাড়িতে। গতকাল মঙ্গলবার রাতে ঘটনাটি ঘটেছে স্থানীয় পৌর মহিলা কলেজে।

জানা গেছে, এর আগের দিন সোমবার রাতে জানালার গ্রিল কেটে চোরেরা কোটচাঁদপুর সরকারি কলেজে হানা দেয়। তারা শিক্ষকদের লকার, ড্রয়ার ও আলমারি ভাঙচুর করে। তবে কি চুরি হয়েছে, তা এখনো নিশ্চিত করে জানাতে পারেননি কলেজ কর্তৃপক্ষ। এ ঘটনায় থানায় অভিযোগ করা হয়েছে।

অন্যদিকে, মঙ্গলবার দিনের বেলায় চুরির ঘটনা ঘটেছে কোটচাঁদপুরের সলেমানপুর বাজারপাড়ার আব্দুল মতিন বিশ্বাসের বাড়িতে। চোরেরা ওই বাড়ির তিনটি ঘরের তালার ছিটকানি ভেঙে নগদ ৪৬ হাজার টাকা, পাঁচটি স্বর্ণের চেইন, পাঁচটি আংটি এবং এক জোড়া বালা নিয়ে গেছে। বাড়ির

মালিক আব্দুল মতিন বিশ্বাস থানায় অভিযোগ করেছেন।

ওইদিন রাতেই (মঙ্গলবার) চোরেরা জানালার গ্রিল কেটে প্রবেশ করে কোটচাঁদপুর পৌর মহিলা কলেজে। তারা কলেজের বিভিন্ন কক্ষের লকার, ড্রয়ার ও আলমারি ভাঙচুর করে। তবে কী ধরনের ক্ষতি হয়েছে, তা এখনো নিশ্চিত করে জানাতে পারেননি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ শরিফুজ্জামান তুহিন। তিনি বলেন, “আজ কলেজ ছুটির দিন ছিল। তারপরও আমি কলেজে এসেছিলাম। অফিস কক্ষের দরজা খোলার পর দেখি জানালার গ্রিল কাটা। এরপর অন্যান্য কক্ষ খুলে দেখি ভাঙচুরের চিত্র।”

তিনি আরও বলেন, “চোরেরা কী ধরনের ক্ষতি করেছে, তা জানতে কিছুটা সময় লাগবে। এরপরই ক্ষতির পরিমাণ বলা সম্ভব হবে।” এ ঘটনায় থানায় অভিযোগ করা হয়েছে বলে তিনি জানান।

এ বিষয়ে কোটচাঁদপুর থানার উপপরিদর্শক (এসআই) শারমিন আক্তার জানান, এখন পর্যন্ত অন্য কোনো চুরির অভিযোগ থানায় আসেনি। তবে কলেজের ঘটনায় একটি অভিযোগ দায়ের হয়েছে।

কোটচাঁদপুরে বাংলাদেশ কেমিষ্ট এন্ড ড্রাগিষ্ট সমিতির সভা

বাংলাদেশ কেমিষ্ট এন্ড ড্রাগিষ্ট সমিতির কোটচাঁদপুর শাখার সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার দুপুরে স্থানীয় পৌর পাঠাগারে এ সভা করা হয়।

সভায় সভাপতিত্ব করেন কোটচাঁদপুর কেমিষ্ট এন্ড ড্রাগিষ্ট সমিতির সভাপতি বরকত আলী। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,জেলার ড্রাগ সুপার সিরাজুম মনিরা। প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন, বাংলাদেশ ড্রাগিষ্ট এন্ড কেমিস্ট সমিতির পরিচালক ও ঝিনাইদহ জেলা কমিটি সভাপতি আখতারুজ্জামান।

এ ছাড়া উপস্থিত ছিলেন, জেলার ড্রাগিষ্ট এন্ড কেমিস্ট কমিটির সিনিয়র সভাপতি হান্নান মিয়া, কোটচাঁদপুর ড্রাগিষ্ট এন্ড কেমিস্ট

সমিতির সিনিয়র সহসভাপতি হুমায়ুন সরদার, সিনিয়র সহ-সভাপতি হাসানুজ্জামান ডাবলু,সাবেক সভাপতি সোহরাব হোসেন, সাবেক সিনিয়র সভাপতি হাসানুজ্জামান (হাসান)।

এ সময় ঔষধের এমআরপি ও মেয়াদোত্তীর্ন ঔষধ নিয়ে আলোচনা হয় সভায়।

কোটচাঁদপুরে তিন দিনব্যাপী কৃষি প্রযুক্তি মেলার উদ্ভোধন

কোটচাঁদপুরে তিন দিনব্যাপী কৃষি প্রযুক্তি মেলার উদ্ভোধন করা হয়েছে। আজ মঙ্গলবার সকালে মেলার উদ্ভোধন করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা কাজী আনিসুল ইসলাম। কৃষি অফিসের আয়োজনে যশোর অঞ্চল টেকসই কৃষি সম্প্রসারণ প্রকল্পের আওতায় মেলাটি হচ্ছে বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা।

জানা যায়, যশোর অঞ্চল টেকসই কৃষি সম্প্রসারণ প্রকল্পের আওতায় কোটচাঁদপুরে তিন দিনব্যাপী কৃষি প্রযুক্তি মেলার উদ্ভোধন করা হয়েছে। যা চলবে আগামী ২৫ থেকে ২৭ ফেব্রুয়ারী পর্যন্ত। এ উপলক্ষে আজ মঙ্গলবার সকালে কোটচাঁদপুর উপজেলা চত্বর থেকে বের হয় র্যালি। এরপর র্যালিটি স্থানীয় কলেজ বাসস্ট্যান্ড ঘুরে উপজেলায় এসে শেষ হয়। পরে অনুষ্ঠিত হয় আলোচনা সভা।

এতে সভাপতিত্ব করেন উপজেলা কৃষি কর্মকর্তা জাহিদ হোসেন। অনুষ্ঠানে বক্তব্যের পর মেলা উদ্ভোধন করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা কাজী আনিসুল ইসলাম। এ সময় উপস্থিত ছিলেন, জেলার কৃষি অতিরিক্ত উপ-পরিচালক সেলিম রেজা, উপজেলা বিএনপির সভাপতি ও সাবেক ইউপি চেয়ারম্যান আব্দুর রাজ্জাক, কোটচাঁদপুর উপজেলা সাবেক চেয়ারম্যান ও উপজেলা জামায়াতের আমীর মওলানা তাজুল ইসলাম, উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক হারুন-অর-রশিদ।

এ ছাড়া উপস্থিত ছিলেন রাইয়ান কৃষি জৈব ফার্মের পরিচালক ড.নজরুল ইসলাম ও কোটচাঁদপুর উপজেলা কৃষি কল্যাণ সমিতির সভাপতি হারুন-অর-রশিদ মুসা। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন, অতিরিক্ত কৃষি কর্মকর্তা নাজমুল সাকিব।

এরপর দুপুরে কৃষি মেলায় আসেন জেলা প্রশাসক আব্দুল আওয়াল। পরিদর্শন করেন মেলার প্রতিটি স্টল। এ বছর মেলায় ১৪ টি স্টল অংশ গ্রহন করেছেন।

কোটচাঁদপুরে দুই যুবলীগ নেতা আটক

কোটচাঁদপুরে অপারেশন ডেভিল হান্টে যুব লীগের দুই নেতা পুলিশের হাতে আটক হয়েছে।

রবিবার দুপুরে তাদেরকে আটক করা হয়। পরে ওই দুজনকে কালিগঞ্জ থানায় হস্তান্তর করা হয়েছে বলে জানিয়েছেন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা কবির হোসেন মাতুব্বর।

পারিবারিক সুত্রে জানা যায়, রবিবার দুপুরে আব্দুল মালেক (৫৩) সাবদারপুর বাজার থেকে দয়ারামপুরে বাড়িতে ফিরছিলেন। এ সময় লক্ষিপুর পুলিশ ফাঁড়ির উপপরিদর্শক (এসআই) লুৎফর রহমান তাকে আটক করেন। আব্দুল মালেক দয়ারামপুর গ্রামের মৃত তাহাজ্জেদ বিশ্বাসের ছেলে। তিনি দোড়া ইউনিয়ন যুবলীগের সভাপতি ছিলেন।

অন্যদিকে বাবুল আহম্মেদ(৫০) কে আটক করেছেন স্থানীয় লক্ষিপুর বাজার থেকে। তিনি ওই গ্রামের শাখায়াত হোসেনের ছেলে। সে দোড়া ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক ছিলেন বলে দলীয় সুত্রে জানা গেছে।

লক্ষিপুর পুলিশ ফাঁড়ির উপপরিদর্শক (এসআই) লুৎফর রহমান বলেন, আটকৃতরা হলেন দোড়া ইউনিয়ন যুবলীগের সভাপতি / সাধারণ সম্পাদক। এদের মধ্যে আব্দুল মালেককে দয়ারামপুর বাজারের পাশ থেকে ও বাবুল

আহম্মেদকে লক্ষিপুর বাজার থেকে আটক করা হয়।

কোটচাঁদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কবির হোসেন মাতুব্বর বলেন, তাদেরকে আটক করে কালীগঞ্জ থানায় হস্তান্তর করা হয়েছে। কারণ এ থানায় ওই সংক্রান্ত কোন মামলা নাই।

কোটচাঁদপুরে বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা

কোটচাঁদপুর পৌর মহিলা কলেজে বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার সকালে অনুষ্ঠানের উদ্বোধন করেন কলেজের প্রধান অতিথি ও উপজেলা বিএনপির সভাপতি অধ্যাপক আব্দুর রাজ্জাক।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) শরিফুজ্জামান তুুহিন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, প্রতিষ্ঠাতা এডহক কমিটির সদস্য কামরুন্নাহার, বিশিষ্ট শিক্ষানুরাগী ও সাবেক মেয়র এস.কে.এম সালাহ উদ্দীন বুলবুল সিডল,এডহক কমিটি বিদ্যোৎসাহী সদস্য রবিউল ইসলাম।

এ ছাড়া উপস্থিত ছিলেন অত্র কলেজের প্রভাষক সাইফুল ইসলাম মিন্টু, জাহাঙ্গীর হোসেন,নজরুল ইসলাম মিন্টু, সাইদুর রহমান, শহিদুল ইসলাম, মমতাজুর রহমান, সাংবাদিক মঈন উদ্দিন খান, জামাল সরদার ।

উদ্বোধনের আগে অনুষ্ঠিত হয় দলীয় নিত্য ও আলোচনা সভা। এরপর অতিথিবৃন্দ উদ্বোধন করেন বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২৫। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন প্রভাষক হাসিনা ফেরদৌস।

অপারেশনে ডেভিল হান্ট কোটচাঁদপুরে একজন আটক

ডেভিল হান্ট অপারেশনে কোটচাঁদপুরে একজনকে আটক করেছেন যৌথ বাহিনী। তিনি উপজেলা ছাত্রলীগের সাংগাঠনিক সম্পাদক।

গতকাল মঙ্গলবার রাত দশটার দিকে স্থানীয় ফুলবাড়ি সমাজ কল্যান বাজার থেকে আটক করা হয় বলে জানিয়েছেন ওসি কবির হোসেন মাতুব্বর।

জানা যায়, গেল তিন দিন ধরে সারা দেশে অপারেশন ডেভিল হান্ট শুরু হয়েছে। এর ধারাবাহিকতায় কোটচাঁদপুরেও চলছে অভিযান। গেল তিন দিনে ওই অপারেশনে যৌথবাহিনি হাতে একজন আটক হয়েছে। তিনি হলেন সাইফুল ইসলাম (৩০)। সে কোটচাঁদপুর উপজেলার ফুলবাড়ি গ্রামের মৃত মহাসিন মেম্বরের ছেলে। সে উপজেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক ছিলেন বলে জানা গেছে।

ঝিনাইদহ সদর থানার (এসআই) জোহা বলেন, শহিদুল ইসলামকে গেল ২৪ সালের একটি মামলায় আটক করা হয়েছে। মামলা নাম্বার ৩৫,তারিখ -২৭-১০-২৪। ওই মামলায় এই প্রথম একজন আটক করা হয়েছে। বুধবার সকালে তাকে আদালতে মাধ্যমে জেল হাজতে পাঠানো হয়েছে বলে জানিয়েছেন তিনি।

কোটচাঁদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কবির হোসেন মাতুব্বর বলেন, এটা ঝিনাইদহ সদর থানার একটি মামলার আসামি। আমরা তাঁকে ধরতে সহায়তা করেছি মাত্র।

তিনি বলেন, শহিদুল ইসলামকে ফুলবাড়ির সমাজ কল্যান বাজার থেকে আটক করা হয়। সে উপজেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক বলে জানিয়েছেন তিনি।

কোটচাঁদপুরে নিয়ম বহির্ভূত অতিরিক্ত টাকা চাওয়ায় দলিল লেখা বন্ধ

কোটচাঁদপুর সাব-রেজিস্ট্রি অফিসে নিয়ম বহির্ভূত অতিরিক্ত টাকা চাওয়াকে কেন্দ্র করে দলিল লেখক ও সাব-রেজিস্ট্রারের মধ্যে দরকষাকষির একপর্যায়ে ক্ষোভে দলিল লেখা বন্ধ করে দেন দলিল লেখকরা। এতে জমি রেজিস্ট্রি করতে আসা ভুক্তভোগীরা চরম বিপাকে পড়েন। পরে উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) হস্তক্ষেপে ছয় ঘণ্টা পর কার্যক্রম পুনরায় শুরু হয়।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, কোটচাঁদপুর সাব-রেজিস্ট্রি অফিসে সপ্তাহে দুই দিন জমি রেজিস্ট্রি করা হয়। সেখানে দায়িত্বে আছেন সাব-রেজিস্ট্রার তামিম আহম্মেদ চৌধুরী। বুধবার সকালে তিনি দলিল লেখকদের অফিসে ডাকেন এবং জমি রেজিস্ট্রির অতিরিক্ত টাকা চাওয়া নিয়ে আলোচনা করেন। এ সময় দলিল লেখকদের ওপর অতিরিক্ত অর্থ আদায়ের চাপ প্রয়োগ করা হয় বলে অভিযোগ ওঠে।

দলিল লেখক সমিতির সভাপতি বদর উদ্দিন জানান, “সকালে সাব-রেজিস্ট্রার আমাদের ডেকে বলেন, ওয়ারিশের জমির দলিলে অতিরিক্ত টাকা বাড়িয়ে দিতে হবে। এছাড়া বিভিন্ন অজুহাতে জমি রেজিস্ট্রি করতে আসা ভুক্তভোগীদের কাছ থেকে অতিরিক্ত অর্থ নিতে বলেন। আগে ওয়ারিশ সংক্রান্ত ফি ৫ হাজার টাকা নেওয়া হতো, কিন্তু এখন আরও বেশি নেওয়ার জন্য বলা হচ্ছে, যা আমাদের পক্ষে সম্ভব নয়।”

এ ঘটনার প্রতিবাদ জানিয়ে দলিল লেখকরা অফিস ছেড়ে বেরিয়ে আসেন এবং দলিল লেখা বন্ধ করে দেন। এতে জমি রেজিস্ট্রি করতে আসা ভুক্তভোগীরা চরম দুর্ভোগে পড়েন।

হরিণদিয়া গ্রামের শফিকুল ইসলাম ও রাঙ্গিয়ারপোতা গ্রামের আবুল কালাম আজাদ বলেন, “আমরা জমি রেজিস্ট্রি করতে গিয়েছিলাম। কিন্তু অফিস থেকে ওয়ারিশ সংক্রান্ত ফি বাবদ ১০ হাজার এবং প্রত্যয়ন ফি বাবদ আরও ১০ হাজার টাকা দাবি করা হয়। তবে সাব-রেজিস্ট্রার সরাসরি টাকা নেন না, অফিসের বড় বাবু আবদুল মালেক ও টোটন নামের এক ব্যক্তি টাকা নেন।”

সাব-রেজিস্ট্রার তামিম আহম্মেদ চৌধুরী তার বিরুদ্ধে ওঠা অভিযোগ অস্বীকার করে বলেন, “সকালে দলিল লেখকদের ডেকে জমি রেজিস্ট্রি সংক্রান্ত বিষয়ে আলোচনা করেছিলাম। আমি একটি বিষয় বলার পর তারা রাজি হননি। পরে আমি তাদের চলে যেতে বললে তারা বাইরে গিয়ে ক্ষোভ প্রকাশ করেন এবং দলিল লেখা বন্ধ করে দেন। এতে জমি রেজিস্ট্রি করতে আসা সাধারণ মানুষ ক্ষিপ্ত হয়ে ওঠেন।”

কোটচাঁদপুর থানার উপপরিদর্শক (এসআই) অপু কুমার বিশ্বাস জানান, “ওসি স্যার আমাকে জানান, সাব-রেজিস্ট্রি অফিসে সমস্যা হচ্ছে। খবর পেয়ে আমি ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি স্বাভাবিক পাই। এখনো পরিস্থিতি শান্ত রয়েছে।”

এ বিষয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আনিসুল ইসলাম বলেন, “এ ঘটনায় ভুক্তভোগী সাব-রেজিস্ট্রার। এ বিষয়ে তার সঙ্গেই কথা বলুন। আমার কোনো মন্তব্য নেই।”

পরবর্তীতে ইউএনওর মধ্যস্থতায় দলিল লেখকরা আবার দলিল লেখা শুরু করেন, ফলে ছয় ঘণ্টা পর জমি রেজিস্ট্রি কার্যক্রম স্বাভাবিক হয়।